

## বিশ্বকাপ উপলক্ষে একজন ফুটবলপ্রেমীর সাক্ষাৎকার

● মুহাম্মদ রাফিউজ্জামান সিফাত

সাংবাদিক : কোন দল সাপোর্ট করেন?

ফুটবলপ্রেমী : ফাইনাল শেষে বলব। এখন একটা দলের নাম বলে দিলাম, দেখা গেল তারা প্রথম রাউন্ড পার করতে পারল না, তখন ভীষণ লজ্জায় পড়ে যাব। এলাকায় আমার একটি সম্মান আছে।

সাংবাদিক : কিন্তু আপনার ঘরে তো বিভিন্ন দেশের পতাকা দেখা যাচ্ছে। এগুলো কেন?

ফুটবলপ্রেমী : ঝোপ বুকে কোপ দেয়ার জন্য। যখন যে দেশ ভালো করতে থাকবে, সে দেশের পতাকা রাতের আঁধারে ছাদে টাঙাব। আমি তো অস্টোপাস পল নই। তাই সব দেশের পতাকা রেখেছি। এমনকি হন্ডুরাসের পতাকাও আছে। তারা অঘটন ঘটিয়ে দিলে আমি পতাকা লাগিয়ে ফেমাস হয়ে যাব।

সাংবাদিক : বিশ্বকাপ উপলক্ষে আপনার প্রস্তুতি কী ধরনের?

ফুটবলপ্রেমী : বিশাল প্রস্তুতি নিচ্ছি। বিভিন্ন মোবাইল

এক মিনিট  
দাঁড়ান, পত্রিকা  
দেখে বলছি !!

এইবারের আসরে  
আপনার প্রিয়  
খেলোয়াড় কে ?



কর্টুন : মৌরিন

কোম্পানির ইন্টারনেট কানেকশনের জন্য মেগাবাইট কিনেছি। প্রতি মুহূর্তে ফেসবুকে আপডেট দেয়া চাই। তাছাড়া আগের মোবাইল চেঞ্জ করে এক বন্ধুর থেকে সামনে ক্যামেরাওয়ালা মোবাইল সেট নিয়ে এসেছি। খেলা চলাকালীন টিভি স্ক্রিনের সামনে সেলফি তুলতে হবে। আমি বিভিন্ন দলের একটি করে জার্সিও সংগ্রহ করেছি। প্রয়োজনমতো বিজয়ী দলের জার্সি গায়ে চাপিয়ে এলাকা ঘুরবো। তাছাড়া এইবারের বিশ্বকাপে পিট বুলের থিম সং এবং শাকিরার নতুন গানের ভিডিও আমি সংগ্রহ করেছি। বিশ্বকাপ শুরু হোক, সারাদিন এলাকা কাঁপিয়ে এই গান দুটো বাজাব।

সাংবাদিক : এবারের খেলা হবে রাতে। রাত জাগতে পারেন তো?

ফুটবলপ্রেমী : এ নিয়ে চিন্তা নেই। রাত জাগার জন্য আমার এক ভাল্লেকে ধরে নিয়ে এসেছি। সে

আবার নিশাচর মানুষ। রাতে ঘুমায় না। আমি রাতে ঘুমালে সে জেগে খেলা দেখে পরদিন সকালে আমাকে ডিটেইলস সব বলে দেবে।

সাংবাদিক : এবারের আসরে আপনার প্রিয় খেলোয়াড় কে?

ফুটবলপ্রেমী : এক মিনিট দাঁড়ান। পত্রিকা দেখে বলছি। হুম। পেয়েছি। মেসি, নেইমার, রোনালদো, রুনি। আরেকজনের নাম উচ্চারণ করতে পারছি না। এরা এত কঠিন নাম কেন যে রাখে! অদ্ভুত!

সাংবাদিক : আসলেই অদ্ভুত। যাই হোক মূল্যবান (!!)

সাক্ষাৎকারের জন্য আপনাকে ধন্যবাদ।

ফুটবলপ্রেমী : আপনাকেও ধন্যবাদ। ওলে ওলা, লা লা লা (গান গাইলাম)।

### রসময়

এক আরব শেখ আমেরিকায় গিয়ে এক পাঁচতারা হোটেলে উঠেছে। হঠাৎ দেখে ঘরে ইঁদুর। সে রুম সার্ভিসে ফোন করে অভিযোগ করতে ঠিক করল, কিন্তু লোকটা ইংলিশ তেমন বলতে পারে না আর ইঁদুরের ইংলিশও জানত না। চিন্তা-ভাবনা করে সে বলল- 'ডু ইউ নো টম অ্যান্ড জেরি?'

রুম সার্ভিস- 'ইয়েস স্যার, উই নো।'

শেখ- 'কিল জেরি।'

### গত সংখ্যার উত্তর

চোর পালালে

বুদ্ধি বাড়ে কেন?

- চোর বুদ্ধি চুরি করে না, তাই। ঢাকা থেকে শাহীন
- চুরি করার পর বাড়ি খালি হয়ে যায় তো, তাই বুদ্ধি জায়গা পেয়ে বেড়ে যায়। ঢাকা থেকে নুসরাত
- চোর তার নিজের বুদ্ধি রেখে পালিয়ে যায় বলে। সাতক্ষীরা থেকে ফায়জা

বিজয়ী নুসরাতকে অভিনন্দন।

আপনার ঠিকানায় উপহার পৌছে যাবে

### প্রশ্ন উত্তর



বিশ্বকাপ আছে  
বিশ্বপিরিচ  
নেই কেন?

উত্তর লিখুন এক বাক্যে।  
সেরা উত্তরদাতা পাবেন  
আকর্ষণীয় বিশেষ উপহার

newarticle2000@gmail.com